



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ মে ২০২৩

ক্যাশলেস বাংলাদেশ গড়ার উদ্যোগ

ক্যাশলেস লেনদেন হবে চট্টগ্রামের কোরবানির বাজারে

চট্টগ্রামের কোরবানির হাটের লেনদেনকে ক্যাশলেস করার ব্যাপারে একসাথে কাজ করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং বাংলাদেশ ব্যাংক। বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর কাছে এ সংক্রান্ত পরিকল্পনা তুলে ধরেন বাংলাদেশ ব্যাংকের দু'জন প্রতিনিধি অতিরিক্ত পরিচালক জুলিয়া চৌধুরী এবং যুগ্ম পরিচালক সালাহউদ্দীন মাহমুদ।

বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক জুলিয়া চৌধুরী জানান, কোরবানির বাজারকে কেন্দ্র করে ৭০ হাজার কোটি টাকার নগদ অর্থ লেনদেন হয়। নগদ লেনদেনের ঝুঁকি নিরসনে এবং সরকারের স্মার্ট বাংলাদেশ নির্মাণের পরিকল্পনা বাস্তবায়নে ২০২২ সালে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে প্রথমবারের মতো ৬টি বুথ বসায় ডিজিটাল লেনদেনের জন্য। সেবার মাত্র ৪ দিনে ৩৩ কোটি টাকা লেনদেন হয়। এ অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে এবার ঢাকা উত্তর, দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কোরবানির বাজারে এ সেবা আরো প্রসারিত করতে উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

এসময় প্রাথমিকভাবে এ বছর সাগরিকা গরুর হাট এবং নুর নগর হাউজিং গরুর হাটে ডিজিটাল লেনদেন বুথ চালুর বিষয়ে ভূমি ও বিদ্যুৎসেবা প্রদানের আশ্বাস দেন মেয়র। এ দুটি বুথে এটিএম মেশিন, মোবাইলে আর্থিক লেনদেন সেবা, ডিজিটাল ব্যাংকিং ইত্যাদির সুবিধা উপভোগ করবেন কোরবানির বাজারের ক্রেতা-বিক্রেতারা।

সভায় মেয়র বলেন, প্রধানমন্ত্রী যে ক্যাশলেস বাংলাদেশ গড়ার পরিকল্পনা গঠণ করেছেন তার সাথে সামঞ্জস্য রেখে চট্টগ্রামকে স্মার্ট নগরীতে পরিণত করার কাজ চলমান। এক্ষেত্রে এধরনের ডিজিটাল সেবার উদ্যোগ চট্টগ্রামের বিপুল অর্থনৈতিক সম্ভাবনার সুফল ঘরে তুলতে সহায়তা করবে পাশাপাশি অর্থনৈতিক অস্তর্ভুক্তির হারও বৃদ্ধি করবে। এবার দুটি হাটের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে পরবর্তীতে সবগুলো কোরবানির হাটে ক্যাশলেস লেনদেনের সুবিধা সৃষ্টি করবে চসিক।

সভায় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচলন কর্মকর্তা মুহাম্মদ আরুল হাশেম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, ভিসা কোম্পানির প্রতিনিধি মো. নাসিমুল ইসলাম, মাস্টারকার্ড কোম্পানির প্রতিনিধি সৈয়দ নাবিল রাইয়ান।

এনায়েত বাজারের উন্নয়ন: ব্যয় হবে ৩ কোটি ৮৬ লক্ষ টাকা

৩ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয়ে নগরীর ২২নং এনায়েত বাজার ওয়ার্ডে সড়ক আর নালা নির্মাণ প্রকল্পের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার উদ্বোধন করা এ প্রকল্পের আওতায় গোয়াল পাড়া বানিয়ার টপ থেকে সিআরবি সাত রাস্তার মোড় পর্যন্ত রাস্তা মেরামত ও নতুন নালা নির্মাণ, গোয়াল পাড়া সোহেল এর দোকান থেকে ওয়ার্ড অফিসের উত্তর কর্ণার পর্যন্ত নালায় স্ল্যাব নির্মাণ, নন্দনকানন হরিশ দন্ত লেইন রাস্তা ও নালার উপর স্ল্যাব নির্মাণ, নন্দনকানন ১নং লেইনের উন্নয়ন ও ১নং লেইনে নালার স্ল্যাবসহ রাস্তার উন্নয়ন, গোয়াল পাড়া লেইন বাই লেইনের ও লোকনাথ মন্দির হতে পশ্চিম গোয়াল পাড়া পানির পাস্প পর্যন্ত রাস্তা ও নালার উন্নয়ন এবং গোলাপ সিং লেইনের উন্নয়ন করা হবে।

এসময় জলাবদ্ধতা নিরসণে নাগরিকদের সচেতন আচরণের আহবান জানিয়ে মেয়র বলেন, এনায়েতবাজারের মতো উঁচু এলাকায় জলাবদ্ধতা হওয়ার কথানা। কিন্তু অপরিকল্পিতভাবে স্থাপনা নির্মাণ, এলাকার প্রাকৃতিক জলাধারগুলো ভরাট, পর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনার সুবিধা থাকা সত্ত্বেও অভ্যাসগত কারণে নালায় পলিথিন ও প্লাস্টিক ফেলার কারণে এ এলাকায় জলাবদ্ধতা হচ্ছে। নীচু এলাকায় প্রকল্প করে জলাবদ্ধতা কমানো সম্ভব কিন্তু উঁচু এলাকাগুলোতে মানুষের সচেতন আচরণও প্রয়োজন।

এসময় আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর সলিম উল্লাহ বাচু, সৎরক্ষিত নারী কাউন্সিলর নিলু নাগ, চসিকের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মনিরুল হুদা, নির্বাহী প্রকৌশলী ফারজানা মুক্তা, সহকারী প্রকৌশলী আসীর হামিমসহ প্রকল্পের উপকারভোগী জনসাধারণ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮